



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

Bangladesh Madrasah Education Board, Dhaka.

www.bmeb.gov.bd



স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১(অংশ-০২)/৬৭৫৮

তারিখঃ- ১৬-১১-২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

অত্র বোর্ডের আওতাধীন মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাখিল পরীক্ষা ২০১৮ শিক্ষা বর্ষ ২০১৬-২০১৭ এর রেজিস্ট্রেশন কার্ড আগামী ১৯/১১/২০১৭ ইং তারিখ থেকে আঞ্চলিক অফিস সমূহের মাধ্যমে বিতরণ করা হবে।

ম্যানেজিং কমিটির/গভর্নিং বডি'র সভাপতির মাধ্যমে স্ব স্ব মাদ্রাসা প্রধানগণ অথবা তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধিকে (মাদ্রাসা প্রধান কর্তৃক সত্যায়িত স্বাক্ষরসহ) আবেদন পত্র দাখিল পূর্বক মাদ্রাসা বোর্ডের আঞ্চলিক কার্যালয় ও মাদ্রাসা বোর্ড থেকে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

তবে যে সকল প্রতিষ্ঠানের অধ্যক্ষ/সুপারের এবং ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডি'র সভাপতির পদ নিয়ে জটিলতা রয়েছে সে সকল মাদ্রাসাকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে স্ব স্ব মাদ্রাসা প্রধান অথবা তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধি নির্ধারণ করতে হবে।

সংগৃহীত রেজিস্ট্রেশন কার্ডে কোন ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনের জন্য অনতিবিলম্বে যথাযথ কাগজপত্র সহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।


13.11.17

(প্রফেসর মোঃ মজিবুর রহমান)
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৮৬২৬১৩৮

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১(অংশ-০২)/৬৭৫৮/৮

তারিখঃ- ১৬-১১-২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ-

১. জেলা প্রশাসক, (সকল)।
২. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জনাব মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ, চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল (অধিকতর স্বচ্ছতা ও দক্ষতার সাথে দ্রুত রেজিস্ট্রেশন কার্ড বিতরণের ব্যবস্থা করার জন্য নির্দেশনা সহ)
৬. অত্র বোর্ডের অধীনে সকল মাদ্রাসা প্রধানগণ।
৭. পি.এ.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।


13.11.17

(মোঃ কামাল উদ্দিন)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬৭৫৪০৩
